

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫৭৫.২০১৭-১৫৭

তারিখঃ ০৫ মাঘ ১৪২৪
১৮ জানুয়ারি ২০১৮

বিষয় : রীট পিটিশন নং-১৭২০৪/২০১৭, [পিটিশনার জনাব মোঃ আবুল কাশাম আজাদ, পিতা- মোহর উদ্দিন আহমেদ, গ্রাম-পূর্ব ফকির পাড়া, থানা-হাতিবান্ধা, জেলা-দিনাজপুর ও অপর ১৩ জন - বনাম - সরকার ও অন্যান্য] এর অনুচ্ছেদওয়ারী ঘটনা বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ০১.০১.২০১৮ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ২৮.১১.২০১৭ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন রুরাল এমপ্লয়মেন্ট এন্ড রোড মেন্টেনেন্স প্রোগ্রাম-২ (RERMP-2) শীর্ষক প্রকল্পের “ওয়ার্ক সুপারভাইজার” নির্বাচন সম্পর্কিত এলজিইডির ০৪/০৯/২০১৩ খ্রিঃ তারিখের ১৪১৪ নং স্মারক চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ৬ জনকে প্রতিপক্ষ করে এই রীটিটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ গুনানী অন্তেঃ রুল ইস্যু পূর্বক তর্কিত স্মারক কেন বেআইনী ঘোষণা করা হবে না এবং পিটিশনারদেরকে RERMP-2 এর ওয়ার্ক সুপারভাইজার পদে আত্মীকরণের নির্দেশনা কেন দেয়া হবে না সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defense) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নিদেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।

(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব (আইন-১)

ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

প্রধান প্রকৌশলী

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি :

১. যুগ্মসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসক মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অফিস কপি/ মাস্টার কপি।